

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সুশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় : নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র আওতায় দপ্তর/সংস্থার এপিএ'র ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের উপস্থিতিতে ৩০-০১-২০২৩ তারিখে অনুষ্ঠিত ফিডব্যাক সভার কার্যবিবরণী।

- সভাপতি : সঞ্জয় কুমার বণিক, অতিরিক্ত সচিব (উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়।
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ : ৩০-০১-২০২৩
সময় : বেলা ২.০০ ঘটিকা।
উপস্থিতি : ভারুয়াল জুম মাধ্যম।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

ভারুয়াল মাধ্যমে উপস্থিত নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তরের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের শূভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। পরিচয়পর্ব শেষে সভাপতি কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে দপ্তর/সংস্থার নিকট থেকে প্রাপ্ত দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদনের সংক্ষিপ্তসার উপস্থাপনের জন্য বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ সাইফুল ইসলাম-কে অনুরোধ জানান। উক্ত উপস্থাপনার প্রেক্ষিতে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

২. অতঃপর কীভাবে নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার এপিএ কার্যক্রমকে সুনিপুণভাবে বাস্তবায়ন করা যায় সে বিষয়ে মতবিনিময় করা হয়। সভায় মতামত ব্যক্ত করা হয় যে, এপিএ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা বিশেষতঃ শূদ্ধাচার, তথ্য অধিকার, ইনোভেশন, অভিযোগ প্রতিকার সংশ্লিষ্টদের সাথে নিবিড় যোগাযোগ স্থাপন এবং নিয়মিত ফলোআপ করা হলে সামগ্রিক উন্নতি করা সম্ভব।

৩. সভাপতি কর্তৃক সকলকে এপিএ'র লক্ষ্য পূরণে অধিকতর মনোযোগী/সচেতন হওয়ার অনুরোধ করা হয়। এছাড়া কর্মপরিকল্পনা অনুসারে প্রতি মাসের করণীয় বিষয়ে মাসের শুরুতেই সংশ্লিষ্টদের নিয়ে নিয়মিত সভা করা হলে ভাল ফল লাভ করা সম্ভব মর্মে মত প্রকাশ করা হয়।

৪. সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

৪.১ : এপিএ বাস্তবায়নের সাথে জড়িত সকল কর্মকর্তার (শূদ্ধাচার, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, ইনোভেশন, সিটিজেন চার্টার) সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে।

৪.২ : কর্মপরিকল্পনার সময়াবদ্ধ অংশের বিষয়ে সতর্ক থাকতে হবে, যেন যথাসময়ে বাস্তবায়ন করা যায়।

৪.৩ : প্রয়োজনীয় প্রমাণক যথা: ছবি/ভিডিও, প্রত্যয়ন, স্ক্রিনশট, তালিকা, অফিস আদেশ, সভার নোটিশ, কার্যবিবরণী, হাজিরা ইত্যাদি যথাসময়ে সংগ্রহ এবং আপলোড করতে হবে।


পরিশেষে আর কোন আলোচনা না থাকায় ভারুয়ালি সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
১২/০২/২০২৩
সঞ্জয় কুমার বণিক
অতিরিক্ত সচিব (উন্নয়ন)

নৌপরিবহন মন্ত্রণালয়
সুশাসন শাখা

স্মারক নং- ১৮.০০.০০০০.০৪১.১৬.০০১.২১(অংশ-১)-২৪

তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২৩


(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব

ফোন : ৫৫১০১০৪৪

মেইল: ds.gg.@mos.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে নির্দেশক্রমে প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/মবক/চবক/পাবক/বাস্থবক/জানরক।
- ২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
- ৪। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম/বরিশাল/রংপুর/সিলেট এবং পাবনা।
- ৫। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রারাদ, চট্টগ্রাম।
- ৬। মুহা: শওকাত আলী, উপসচিব (বাস্তবায়ন ও পরিবীক্ষণ-১ অধিশাখা), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

দৃ.আ. (সকল দপ্তর
/সংস্থার বার্ষিক
কর্মসম্পাদন চুক্তি
(এপিএ) সংক্রান্ত ফোকাল
পয়েন্ট কর্মকর্তা